# আল-মা'আরিজ | Al-Ma'arij | ٱلْمَعَارِج

আয়াতঃ ৭০ : ১৬

## আরবি মূল আয়াত:

نَزَّاعَةً لِّلشَّوَىٰ ﴿١٦﴾

## অনুবাদসমূহ:

যা মাথার চামড়া খসিয়ে নেবে। — আল-বায়ান

যা চামড়া তুলে দিবে, — তাইসিরুল

যা গাত্র হতে চামড়া খসিয়ে দিবে। — মুজিবুর রহমান

A remover of exteriors. — Sahih International

### ১৬. যা মাথার চামড়া খসিয়ে দেবে।(১)

(১) لظى শব্দের অর্থ অগ্নির লেলিহান শিখা। شوى শব্দটি شواة এর বহুবচন। অর্থ মাথার চামড়া। এর আরেকটি অর্থ হতে পারে, অঙ্গ-প্রত্যঙ্গ। অর্থাৎ জাহান্নামের অগ্নি একটি প্রজুলিত অগ্নিশিখা, যা মস্তিস্ক বা হাত পায়ের চামড়া খুলে ফেলবে। [ইবন কাসীর, মুয়াস্‌সার]

তাফসীরে জাকারিয়া

### (১৬) যা দেহ হতে চামড়া খসিয়ে দেবে। [1]

[1] অর্থাৎ, গোশত এবং চামড়াকে জ্বালিয়ে ছাই করে দিবে এবং মানুষ কেবল অস্থির কঙ্কালসার হয়ে অবশিষ্ট থাকবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5391

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন